



প্রেস রিলিজ

বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে উপাচার্যের শ্রদ্ধা নিবেদন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১০ জানুয়ারি ২০২৩খ্রিঃ

১০ জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ছয় দফা বেদিতে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পাঞ্জলী নিবেদনের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। সকাল ১০ টায় শ্রদ্ধা নিবেদন শেষে ১ মিনিট নিরবতা পালনের পর এক সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় বলেন, এদিনটি বাঙালির জাতীয় মুক্তি সংগ্রামের ইতিহাসে এক অনন্য ঐতিহাসিক দিন। দীর্ঘ ৯ মাস পাকিস্তানি সৈন্যদের সাথে রক্তক্ষয়ী যুদ্ধের মধ্য দিয়ে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বাঙালী জয়লাভ করেছিল। স্বাধীন হয়েছিল বাংলাদেশ। পরবর্তীতে ১৯৭২ সালের ১০ জানুয়ারি পাকিস্তানের কারাগার থেকে মুক্ত হয়ে নিজ দেশে ফিরে আসেন বাঙালির অবিসংবাদিত নেতা, স্বাধীনতা সংগ্রামের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বাঙালী জয়লাভ করলেও তা পূর্ণতা পায় ১৯৭২ সালের ১০ জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মাধ্যমে। তাই বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণ ও স্মার্ট বাংলাদেশ বিনির্মানের লক্ষে স্বদেশ প্রত্যাবর্তন দিবসসহ মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তরুণ প্রজন্মের কাছে তুলে ধরতে সকলের প্রতি আহবান জানান উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় আরও বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় প্রধান, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন উপলক্ষে মাননীয় উপাচার্য ও ট্রেজারার মহোদয়কে সাথে নিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের নেতৃবৃন্দ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মুধা
প্রশাসনিক কর্মকর্তা
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়